



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/3/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল হারিকেন হেলেনের পুনরুদ্ধারের সমর্থনে অতিরিক্ত সংস্থান মোতায়েন করলেন

নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ড সাউথ ক্যারোলিনাতে 20 জন প্রকৌশলী সৈন্য প্রেরণ করেছে

সৈন্যদের সাথে 17টি ভারী সরঞ্জাম প্রেরণ করা হবে

ছবি উপলভ্য আছে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করেন যে হারিকেন হেলেনের পরবর্তীতে পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক আর্মি ন্যাশনাল গার্ড (New York Army National Guard) রাস্তার নির্মাণ ও মেরামতের বিশেষায়িত ইউনিট থেকে 20 জন প্রকৌশলী সৈন্যকে সাউথ ক্যারোলিনাতে প্রেরণ করেছে। পাশাপাশি, সৈন্যদের সাথে ডাম্প ট্রাক, ব্যাক হো, এন্ড লোডার এবং ক্রেনসহ 17টি ভারী সরঞ্জাম প্রেরণ করা হবে।

"নিউ ইয়র্কবাসীরা কর্মের মাধ্যমে নেতৃত্ব প্রদান করে এবং বিপদের সময় আমাদের প্রতিবেশীদের সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "সাউথ ক্যারোলিনাতে প্রেরণ করা এই অতিরিক্ত সংস্থান ও দক্ষ কর্মী হারিকেন হেলেনের দ্বারা ক্ষতিগ্রস্ত এলাকা পরিষ্কার ও পুনরুদ্ধার করতে সহায়তা করবে, এবং সেখানে বসবাসরত বেসামরিক নাগরিকদের জীবনযাত্রার মান উন্নত করতে সাহায্য করবে। আহ্বানে সাড়া দান করা এইসব সাহসী নিউ ইয়র্কবাসীদের আমি ধন্যবাদ জানাচ্ছি এবং তাদের নিরাপদে ফিরে আসা দেখার জন্য উন্মুখ।"

3 অক্টোবর মোতায়েন করা সৈন্যদেরকে 2024 প্রকৌশলী ব্যাটেলিয়নে (2024 Engineer Battalion) নিযুক্ত করা হয়েছে এবং পিকস্কিলের কাছে হর্সহেডস এবং ক্যাম্প স্মিথ ট্রেনিং সাইটে (Horseheads and Camp Smith Training Sites) তাদের ঘাঁটি। সৈন্যরা সাউথ ক্যারোলিনার গ্রিনভিলের সাউথ ক্যারোলিনা আর্মি ন্যাশনাল গার্ডের রেডিনেস সেন্টারে (South Carolina Army National Guard's Readiness Center) রিপোর্ট করবে।

এই সৈন্য প্রেরণ হলো হারিকেন হেলেনের দ্বারা আক্রান্ত দক্ষিণের অঞ্চলকে সমর্থন করার জন্য নিউ ইয়র্কের সর্বশেষ প্রয়াস। 26 সেপ্টেম্বর গভর্নর হোকল হারিকেন হেলেন আঘাত করার পূর্বে নর্থ ক্যারোলিনাতে একটি দ্রুত পানিতে উদ্ধার দল এবং সরঞ্জাম প্রেরণ করেন। দলটিকে নর্থ

ক্যারোলিনার ইয়াল্টি কাউন্টিতে প্রেরণ করা হয়েছে এবং 16 জন দ্রুত পানিতে উদ্ধার কর্মী, দুইটি কুকুর এবং ক্ষতিগ্রস্ত সম্প্রদায়সমূহে সহায়তা করার জন্য জরুরি সাড়াদান সরঞ্জাম নিয়ে দলটি গঠিত হয়েছে।

রচেস্টার থেকে সাউথ ক্যারোলিনা আর্মি ন্যাশনাল গার্ডের গ্রিনভিলের ফ্লাইট ফ্যাসিলিটিতে 16 জন সৈন্য এবং তিনটি ভারী ভার উত্তোলনের হেলিকপ্টার প্রেরণ করতে 29 সেপ্টেম্বরে গভর্নর হোকল নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডকে **নির্দেশ প্রদান করেন**। সৈন্যরা অ্যাশভিল এলাকায় নর্থ ক্যারোলিনার ত্রাণ প্রয়াসের সমর্থনে আকাশপথে খাদ্য ও পানি পরিবহন করেছে। এখন পর্যন্ত তারা 65,000 পাউন্ড ত্রাণ সরবরাহ এবং 15 জন জরুরি কর্মীদের বহন করেছে।

30 সেপ্টেম্বর, গভর্নর হোকল হারিকেন হেলেনের পুনরুদ্ধারে সহায়তা করার জন্য নর্থ ক্যারোলিনার অ্যাশভিলে 30 সদস্যের একটি ঘটনা ব্যবস্থাপনা দল (Incident Management Team, IMT) **প্রেরণ করেন**। বিশেষায়িত মাল্টিএজেন্সি এবং স্থানীয় সরকারের দলটিকে সাড়াদান কর্মকাণ্ডে পরিচালনামূলক সমর্থন প্রদান করার জন্য প্রেরণ করা হয়েছে।

স্বদেশ নিরাপত্তা বিভাগের (Division of Homeland Security) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "নিউ ইয়র্কবাসীরা সর্বদা তাদের প্রতিবেশীদের সাহায্য করে, এবং হারিকেন হেলেন দ্বারা ক্ষতিগ্রস্ত মানুষকে সাহায্যের হাত প্রদান করতে ইতিমধ্যে মাঠপর্যায়ে যারা কাজ করছে তাদের প্রতি আমরা কৃতজ্ঞ। যাদের জীবন এই ঝড়ের কারণে উত্পাটিত হয়েছে তাদের আরো সহায়তা প্রদান করবে এই অতিরিক্ত সমর্থন এবং এইসব প্রয়াসে সহায়তা করার জন্য আমরা আমাদের পক্ষে সম্ভব সবকিছু করা অব্যাহত রাখবো।"

মেজর জেনারেল রে শিল্ডস বলেন, "গভর্নর হোকলের নির্দেশে সাউথ ক্যারোলিনা ন্যাশনাল গার্ডের সাহায্যের অনুরোধে সাড়াদান করতে পেরে এবং ঝড়ের পুনরুদ্ধারে সাহায্য করতে আর্মির একটি প্রকৌশলী দলকে তাদের ভারী সরঞ্জামসহ প্রেরণ করতে পেরে নিউ ইয়র্ক ন্যাশনাল আর্মি ন্যাশনাল গার্ড গর্বিত। এখানে নিজেদের দেশে বা বিদেশে প্রয়োজনমতো সাড়াদান করতে আমাদের সৈন্য ও বৈমানিকেরা সর্বদা প্রস্তুত থাকে এবং আজকে আমাদের সৈন্যরা আরেকবার প্রমাণ করেছে যে তারা 'সর্বদা প্রস্তুত, সর্বদা হাজির' থাকে। নিউ ইয়র্ক ন্যাশনাল গার্ডের নারী ও পুরুষদের প্রতি আমি অত্যন্ত কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)